

মনোনয়নপত্র সংগ্রহের সময় বাড়ানোর কারণ জানালেন প্রধান রিটার্নিং কর্মকর্তা

শিক্ষা ডেক্ষ

১৯ আগস্ট ২০২৫, ০১:২০ পিএম



ছবি: সংগৃহীত

চাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে মনোনয়নপত্র তোলা ও জমাদানের সময়সীমা বাড়ানো হয়েছে। তবে এটি কোনো বিশেষ সংগঠন কিংবা কাউকে সুবিধা দেওয়ার জন্য নয়, বরং সবার কথা ভেবেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধান রিটার্নিং কর্মকর্তা অধ্যাপক মোহাম্মদ জসিম উদ্দিন।

তিনি বলেন, ‘মনোনয়নপত্র জমার সময় বৃদ্ধির পেছনে ছাত্রদল বা বিশেষ কারও সুবিধা দেখার বিষয় নেই। যারা নানা কারণে মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারেনি, তাদের সুযোগ দেওয়ার জন্যই সময় বাড়ানো হয়েছে।’

আজ মঙ্গলবার দুপুর ১২টা পর্যন্ত ডাকসু কেন্দ্রীয় সংসদ নির্বাচনের মনোনয়নপত্র সংগ্রহ করেছেন আরও ৮ জন প্রার্থী। এর ফলে এখন পর্যন্ত মোট ৫৭৩ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন বলে নিশ্চিত করেছেন প্রধান রিটার্নিং কর্মকর্তা।

এদিকে, মনোনয়নপত্র সংগ্রহের শেষ সময় আজ বিকেল ৫টা এবং জমা দেওয়া যাবে আগামীকাল বিকেল ৫টা পর্যন্ত। এরই মধ্যে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করেছে ছাত্রশিবির ও ছাত্র অধিকার পরিষদ। ছাত্রদলের নেতারা ফরম নিয়েছেন আলাদা আলাদাভাবে।

ইতোমধ্যে নির্বাচনের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকায় মোট ভোটার রয়েছেন ৩৯ হাজার ৭৭৫ জন। আগামী ৯ সেপ্টেম্বর ডাকসু নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সেদিনই ঘোষণা করা হবে ফলাফল।